

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2022

গভর্নর ক্যাথি হোকল

## নিউ ইয়র্কের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন শক্তিশালী করতে এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সমন্থিত আইনের প্যাকেজ পাশ হওয়া সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এইতো গত রাতেই আরো একবার নিরীহ নাগরিকদের নির্মমভাবে হত্যার জন্য প্রাণঘাতী সেমিঅটোমেটিক অস্ত্র ব্যবহার করা হয়েছে। এবারের ঘটনা ঘটেছে ওকলাহোমার একটি মেডিকেল ফ্যাসিলিটিতে। এই দেশে এটি অতি পরিচিত একটি দৃশ্য, যা আমরা উভাল্ডি থেকে শুরু করে স্যান্ডি হুকে, পার্কল্যান্ডে, এমনকি আমার নিজের শহর বাফেলোতেও দেখেছি। আমরা এভাবে বসবাস করা অব্যাহত রাখতে পারি না।

আমরা নিউ ইয়র্কের বিদ্যমান কঠোর আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন নিয়ে সন্তুষ্ট হতে পারছি না। একের পর এক ঘটে যাওয়া গোলাগুলির ঘটনা এটি স্পষ্ট করে দিয়েছে যে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে এসব আইনকে অবশ্যই আরো শক্তিশালী করতে হবে। এই সমন্বিত প্যাকেজ আইনের ফাঁকফোকরগুলো বন্ধ করবে, আইন প্রয়োগকারী সংস্থাকে আগ্নেয়াস্ত্রের সহজ আ্যাক্সেস প্রতিরোধ করার জন্য তাদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করবে, এবং 18 বছর বয়সীদের কাছে বিপজ্জনক অস্ত্র বিক্রি বন্ধ করবে। আমি সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিয়েস্টি, এবং আইন পরিষদে আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ এবং এই বিলগুলোতে স্বাক্ষর করে এগুলোকে আইনে পরিণত করার জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।

এমনকি নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখতে পদক্ষেপ গ্রহণ করলেও আমরা স্বীকার করি যে এটি একটি জাতীয় সমস্যা। আমি আরো একবার কংগ্রেসকে এই সময়কে কাজে লাগাতে এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের জন্য অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। আমাদের নষ্ট করার মতো আর কোনো সময় নেই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে <u>www.governor.ny.gov -এ</u> নিউ ইয়র্ক স্টেট| এক্সিকিউটিভ চেম্বার| <u>press.office@exec.ny.gov</u> | 518.474.8418